

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৫.২৩.০৬২.২১- ০৫

তারিখ: ০৯/০২/২০২৩


বিষয়ঃ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক ২০২৩ এর জন্য মনোনয়ন আহ্বান।

সূত্র: ৩২.০০.০০০০.০৪২.২৩.০০৫.২৩.২১

তারিখ: ০১লা ফেব্রুয়ারী, ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া, সমাজসেবা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, গবেষণা, কৃষি ও পল্লীউন্নয়ন এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য যে কোন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকার স্বীকৃতিস্বরূপ পাঁচজন বাংলাদেশী নারীকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে ‘বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক ২০২৩’ প্রদান করা হবে। আপনার জেলা ও উপজেলায় মনোনয়নযোগ্য বিশিষ্ট নারী যারা উল্লিখিত ক্ষেত্রের মধ্যে যে কোন একটি ক্ষেত্রে অবদান রেখেছেন তাঁদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র (“ছক”) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট ([www.mowca.gov.bd](http://www.mowca.gov.bd)) এবং জাতীয় মহিলা সংস্থার ওয়েব সাইট ([www.jms.gov.bd](http://www.jms.gov.bd)) থেকে সংগ্রহ করা যাবে। ওয়েব সাইটে প্রকাশিত ‘ছক’ ব্যতিত অন্য কোন ‘ছক’ এ আবেদন/মনোনয়ন গ্রহণ করা হবে না। পদক প্রাপ্তির ক্ষেত্রে উল্লেখপূর্বক আগামী ৮ মার্চ ২০২৩ তারিখের মধ্যে আবেদনপত্র নির্ধারিত ‘ছক’ অনুযায়ী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল। এ ক্ষেত্রে সফট কপি (Nikosh ফন্টে MS Word File -এ) ই-মেইলে ([sasadm2@gmail.com](mailto:sasadm2@gmail.com)) প্রেরণ করতে হবে।

সংযুক্ত: প্রশাসনিক মন্ত্রণালয় থেকে প্রেরিত বিজ্ঞপ্তি - ১ কপি।

  
০২/০২/২০২৩  
(ফরিদা পারভীন)

মহাপরিচালক  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।  
ফোন নং- ৪৮৩১৯১৪৯

কার্যার্থে:

- ১। উপপরিচালক  
মহিলা বিষয়ক অধিদপ্তর

.....  
(তৌকে তাঁর জেলাধীন সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণকে পত্রের আলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বলা হলো)।

জ্ঞাতার্থে:

- ১। জেলা প্রশাসক .....
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, .....
- ✓ ৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ৬। অফিস কপি।